# বাংলাদেশের স্বার্থেই বিএনপির অবস্থান থাকবে: তারেক রহমান



সংগৃহীত ছবি

কুমিল্লা দক্ষিণ জেলা বিএনপির সম্মেলনে তারেক রহমান বলেন, জনগণের ইচ্ছাকে প্রাধান্য দিয়েই বিএনপিকে এগোতে হবে। তিনি সতর্ক করেন, গণতান্ত্রিক শক্তি ঐক্যবদ্ধ না থাকলে আবারও স্বৈরশাসনের উত্থান ঘটতে পারে।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান শনিবার (২৭ সেপ্টেম্বর) কুমিল্লা দক্ষিণ জেলা বিএনপির সম্মেলনে বলেন, "ঐক্য, জনগণ ও দেশ গঠন হবে বিএনপির আগামীর প্রতিপাদ্য। জনগণ যেভাবে চায়, বিএনপিকে সেভাবেই চলতে হবে। বাংলাদেশের স্বার্থেই বিএনপির অবস্থান থাকবে।"

তিনি আরও বলেন, স্বাধীনতার পর গণতান্ত্রিক শক্তির অভ্যন্তরীণ বিভাজনের কারণে দেশে স্বৈরাচারের উত্থান ঘটেছিল। তাই গণতন্ত্রকামী শক্তিগুলো একসঙ্গে না থাকলে ভবিষ্যতেও গুপ্ত স্বৈরাচারের আবির্ভাব ঘটতে পারে।

সম্মেলনে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, "রাজনীতি দিয়ে যারা ইসলামকে বিভক্ত করতে চায়, তাদেরকে ভোটের রাজনীতির মাধ্যমেই জবাব দেয়া হবে। মানুষ এখন শোষণ ও ফাঁকা ভাষণের রাজনীতি চায় না।"

তিনি নেতাকর্মীদের উদ্দেশে বলেন, গুজব ও অপপ্রচারের বিরুদ্ধে সামাজিক যোগাযোগমাধ্যমে সক্রিয় থেকে জবাব দিতে হবে।